দৈনিক জনকণ্ঠ

তারিখ 23 JAN 2017
পৃষ্ঠা 2 ... 8

# ঢাবির ৫ শিক্ষার্থীকে আতাউস সামাদ স্মারক বৃত্তি প্রদান

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।** ২০১৬ সালের স্নাতক সম্মান পরীক্ষায় ভাল ফল করায় ঢাবি গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ৫ মেধাবী শিক্ষার্থীকে 'আতাউস সামাদ স্মারক বৃত্তি' প্রদান করা হয়েছে। রবিবার মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের এই সম্মাননা ও বৃত্তি প্রদান করেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন ইব্রাহিম মল্লিক সুজন, মোতাসিম বিল্লাহ, আল-আমিন মোল্লা, আব্দুল বারিক, আল-আমিন। অনুষ্ঠানে দেশে সাংবাদিকতা পেশার উন্নয়নে অনন্য অবদানের জন্য দৈনিক সমকালের সম্পাদক গোলাম সারওয়ারকে 'আতাউস সামাদ স্মারক ট্রাস্ট আজীবন সম্মাননা' প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আতাউস সামাদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে প্রয়াত সাংবাদিক এবিএম মুসা অর্থ প্রদান করেছিলেন।